



ঢাকা পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ



ব্যবস্থাপনা পরিচালকের কার্যালয়
জনতথ্যবিভাগ

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনা রমূলমন্ত্র

স্মারক নং-৪৬.১১৩.১০৩.০০.০০.০৮৪.২০১৭/৭০৭

তারিখ: ০৭/০৭/২০২৪

প্রেস বিজ্ঞপ্তি

গত ০৬ এবং ০৭ জুলাই, ২০২৪ তারিখে বিভিন্ন প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের মাননীয় মেয়র মহোদয়ের বরাত দিয়ে 'বর্ষায় চুরি করে রাস্তা খনন করছে ঢাকা ওয়াসা' - এই মর্মে খবর প্রকাশিত হয়েছে। এ বিষয়ে ঢাকা ওয়াসা'র বক্তব্য নিম্নরূপঃ

২৩শে জুন ২০২৪ ইং তারিখে ঢাকা ওয়াসার একটি বিদেশী ঠিকাদারী প্রতিষ্ঠান কর্তৃক ঢাকা-চট্টগ্রাম হাইওয়ের পাশে যাত্রাবাড়ী এলাকায় ফিডার রোডের একটি অংশ ঢাকা ওয়াসাকে অবহিত না করেই পানির লাইন স্থাপনের উদ্দেশ্যে খনন করে ফেলে। বিষয়টি অত্যন্ত অনাকাঙ্ক্ষিত এবং দুঃখজনক। এটি একটি সম্পূর্ণ বিচ্ছিন্ন ঘটনা। ইতোপূর্ব কখনো এরূপ ঘটনা ঘটে নাই।

অদ্যাবধি ঢাকা ওয়াসা উত্তর সিটি কর্পোরেশন ও দক্ষিণ সিটি কর্পোরেশন এর অনুমতি গ্রহণপূর্বক পানির পাইপ লাইন স্থাপনের কাজ সম্পাদন করে আসছে। তাই, ইতোমধ্যে উক্ত কাজের জন্য নিয়োজিত ঠিকাদারী প্রতিষ্ঠানের কন্ট্রাক্ট ম্যানেজারকে অপসারণ করা হয়েছে এবং সংশ্লিষ্ট ঠিকাদারের বিরুদ্ধে Contract Documents এর শর্তানুযায়ী ব্যবস্থা গ্রহণের প্রক্রিয়া চলমান রয়েছে।

সবার সদয় অবগতির জন্য এ প্রেস বিজ্ঞপ্তিটি জারি করা হ'ল।

এ. এম. মোস্তফা তারেক
উপ প্রধান জনতথ্য কর্মকর্তা
ঢাকা ওয়াসা